

আজ ১০ শিক্ষা বোর্ডের সকল পরীক্ষা স্থগিত

১০ টি রিপোর্টার

হরতালের কারণে দেশের ১০টি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য এইচএসসি, আলিম ও সমমানের পরীক্ষা আজ (রোববার) স্থগিত করা হয়েছে। ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের স্থগিত পরীক্ষা ২২ মে মাদ্রাসা বোর্ডের স্থগিত পরীক্ষা ৯ মে এবং কারিগরি বোর্ডের স্থগিত পরীক্ষা ২ মে নেয়া হবে।

গতকাল শনিবার অন্তর্গত বোর্ড সমন্বয় কমিটি পৃষ্ঠা ২২ ক ১১

সকল পরীক্ষা স্থগিত

প্রথম পৃষ্ঠার পর

এ সিদ্ধান্ত নিয়েছে বলে শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। এতে বলা হয়, বিএনপির হরতালের কারণে সব শিক্ষা বোর্ডের আজ (রোববার) এর সব পরীক্ষা স্থগিত করা হলো। আর আগামীকাল সোমবার থেকে পরবর্তী পরীক্ষাগুলো আগের সময়সূচি অনুযায়ী চলবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

বিএনপির হরতাল আহ্বানের পর শিক্ষামন্ত্রী মুকুল ইসলাম সাহিন গত বুধ-শনিবার এক বিবৃতিতে দেশের ৯ শিক্ষাবোর্ড এইচএসসি পরীক্ষার্থীর অসুবিধার কথা বিবেচনা করে বিএনপি দলের প্রতি তাদের এ হরতাল কর্মসূচি পুনর্বিবেচনার অনুরোধ জানিয়েছিলেন। আজ ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে প্রকৌশল অন্তর্গত ওয়ার্কশপ প্রযুক্তি ১ম পত্র, সমরকিন্দা (ডবলী) ১ম পত্র, গার্লস অর্থনীতি (ডবলী) ১ম পত্র, পরিশোভা (ডবলী) ১ম পত্র, সাধারণ বিজ্ঞান এবং বাস ও পৃষ্ঠি বিজ্ঞান (ডবলী) ১ম পত্র (রসায়ন), সাধারণ বিজ্ঞান, এবং বাস ও পৃষ্ঠি বিজ্ঞান (ডবলী) ১ম পত্র (জীববিজ্ঞান) ও ক্রীড়া (ডবলী) ১ম পত্র বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। স্থগিত হওয়া এ বিষয়সমূহের পরীক্ষা আগামী ২২ মে (রোববার) গ্রহণ করা হবে।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আজ আল ফিকহ (২য় পত্র), জীববিজ্ঞান (২য় পত্র) ও উচ্চতর গণিত (২য় পত্র) বিষয়ে পরীক্ষা হওয়ার কথা ছিল। স্থগিত হওয়া এ বিষয়সমূহের পরীক্ষা আগামী ৯ মে (বুধবার) গ্রহণ করা হবে।

কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে আজ এইচএসসি (বিএম) ছাদশ শ্রেণীর ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম, একাদশ/পরিপূরক শ্রেণীর কম্পিউটার প্রোগ্রামিং কনসেপ্ট; এইচএসসি (ডোকুমেন্টেশন) ছাদশ শ্রেণীর রসায়ন বিজ্ঞান-২; ডিপ্লোমা ইন কমার্শেল একাদশ/পরিপূরক শ্রেণীর প্রডাকশন প্রানিং, কন্ট্রোল এন্ড কন্ট্রোল; এবং ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংয়ের টেক্সটাইল ক্যালকুলেশন (৬ষ্ঠ পর্ব), টেক্সটাইল ক্যালকুলেশন (৬ষ্ঠ পর্ব) জুট, বিজনেস কমিউনিকেশন (৭ম পর্ব) জুট ও টেক্সটাইল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবার কথা ছিল। স্থগিত হওয়া এ বিষয়সমূহের পরীক্ষা আগামী ২১ মে (বুধবার) গ্রহণ করা হবে।

গত ১ এপ্রিল থেকে এইচএসসি পরীক্ষা শুরু হয়েছে। দেশব্যাপী এ পরীক্ষায় দেশের ৮টি সাধারণ শিক্ষা বোর্ড, একটি কারিগরি ও একটি মাদ্রাসা শিক্ষা বোর্ডের ৯ লক্ষ ২৬ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করছে।